

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৮ মার্চ সকাল ১০.০০ ঘটিকায় 'কেয়ার গিভার ট্রেডে' প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের লক্ষে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এবং ইউনিভার্সেল মেডিকেল এন্ড টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (ইউএমটিটিআই) এর মধ্যে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। সমঝোতা চুক্তি স্বাক্ষরের ফলে এখন থেকে 'কেয়ার গিভার ট্রেডে' নারী/পুরুষের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনায় বিএমইটির সাথে ইউনিভার্সেল মেডিকেল এন্ড টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (ইউএমটিটিআই) যুক্ত হলো। বিএমইটির মহাপরিচালক মোঃ সেলিম রেজা এবং ইউএমটিটিআই এর চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী সমঝোতা চুক্তি স্মারক সই করেন। সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার এনডিসি। প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী বলেন, জাপানে টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ বাংলাদেশের শ্রম বাজারের জন্য একটি মাইল ফলক। জাপান একটি উন্নত দেশ। সেখানে টেকনিক্যাল ইন্টার্নদের কর্মপরিবেশ ভাল এবং বেতনও বেশি। তিনি আরও বলেন, জাতিকে উন্নয়নের শিখরে নিয়ে যেতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণে আমরা ট্রেড ভিত্তিক প্রশিক্ষণের পাশাপাশি সমান ভাবে ভাষা প্রশিক্ষণকেও গুরুত্ব প্রদান করছি।

বিশেষ অতিথির বক্তব্যে সচিব ড. নমিতা হালদার এনডিসি বলেন, দক্ষতা ও ভাষা প্রশিক্ষণের গুণগত মান ধরে রাখতে আমরা কাজ করে যাচ্ছি। জাপানে বয়স্ক জনসংখ্যা বেশি হওয়ায় সেখানে 'কেয়ার গিভার ট্রেডে' টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণের আমাদের যথেষ্ট সুযোগ রয়েছে। সে লক্ষে আমাদের নারী ও পুরুষদের কেয়ার গিভার ট্রেনিং ও জাপানিজ ভাষা প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছি। তারই অংশ হিসেবে বিএমইটির সাথে ইউএমটিটিআই-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হলো। ইউনিভার্সেল মেডিকেল কলেজ এন্ড হসপিটাল এর একটি অঙ্গ প্রতিষ্ঠান হল ইউনিভার্সেল মেডিকেল এন্ড টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট (ইউএমটিটিআই)।

উল্লেখ্য, বাংলাদেশের সাথে ১২টি দেশের কোম্পানির সাথে কেয়ার গিভার প্রেরণে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সে লক্ষে কেয়ার গিভারদের প্রশিক্ষণের সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এছাড়াও সম্প্রতি বাংলাদেশের সাথে জাপানের সহযোগিতা স্মারক স্বাক্ষরিত হয় (Memorandum of Cooperation)/এমওসি স্বাক্ষরিত হওয়ায় জাপানের কেয়ার গিভার (টেকনিক্যাল ইন্টার্ন কেয়ার গিভার) প্রেরণের সুযোগ তৈরি হয়েছে। সমঝোতা স্মারক অনুযায়ী বিদেশ গমনেছু প্রশিক্ষণার্থীদের কেয়ার গিভার ট্রেডে প্রশিক্ষণের পাশাপাশি গন্তব্য দেশের ভাষা, সংস্কৃতি, রীতি-নীতি, খাদ্যাভ্যাস, আইন-কানুন এবং স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, ইউনিভার্সেল মেডিকেল এন্ড টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউট এর উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।





